যায়যায়দিন

28 APR 2009
৩ ৬

# ২০১০ থেকে মাধ্যমিক স্তরে কম্পিউটার শিক্ষা বাধ্যতামূলক হচ্ছে : শিক্ষামন্ত্রী

যাযাদি রিপোর্ট

অর্থনীতি ও সমাজ উন্নয়নের অপরিহার্য হাতিয়ার আইসিটি। প্রযুক্তির এ বিশাল সম্ভাবনাকে শিক্ষাখাতে সর্বাত্মকভাবে কাজে লাগাতে হবে। এ লক্ষ্যে আগামী শিক্ষা বছর ২০১০ সাল থেকে নবম শ্রেণীতে কম্পিউটার শিক্ষা বাধ্যতামূলক করা হচ্ছে বলে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ মন্তব্য করেছেন।

ব্যানবেইস মিলনায়তনে ইউনেস্কো বাংলাদেশ আয়োজিত 'শিক্ষাখাতে নীতিনির্ধারক, পরিকল্পনাকারী ও ব্যবহারকারীদের জন্য আইসিটির ব্যবহার' শীর্ষক চারদিনব্যাপী দক্ষতা উন্নয়ন কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে সোমবার শিক্ষামন্ত্রী প্রধান অতিথির বক্তৃতায় এ কথা বলেন।

শিক্ষামন্ত্রী বলেন, সরকার ২০২১ সালের মধ্যে ডিজিটাল বাংলাদেশ গড়ার অঙ্গীকার ঘোষণা করেছে। এ অঙ্গীকার বাস্তবায়নে আইসিটি হবে প্রযুক্তিগত পরিবর্তনের মূল চালিকা শক্তি। সরকার প্রতিটি উপজেলায় একটি করে কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তুলবে। সীমিত সম্পদ ও বিশাল জনগোষ্ঠীকে বড় চ্যালেঞ্জ হিসেবে উল্লেখ করে তিনি বলেন, জীবনমুখী শিক্ষা, দক্ষতা ও ইতিবাচক দৃষ্টিভঙ্গি এ চ্যালেঞ্জকে শক্তিতে পরিণত করতে পারে। তাই এবারের শিক্ষানীতি হবে প্রযুক্তি জ্ঞান-সমৃদ্ধ মানবসম্পদ উন্নয়নের অন্যতম মাধ্যম। তিনি শিক্ষা প্রশাসন, শিক্ষক, শিক্ষার্থী সবাইকে তথ্য প্রযুক্তির মাধ্যমে মানসম্মত শিক্ষাকে সহজলভ্য করে তোলার আহ্বান জানান।

শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মোজাম্মেল হক খানের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে স্পেনের রাষ্ট্রদূত আর্টুরো পেরেজ মার্টিনেজ, ইউনেস্কো বাংলাদেশ প্রতিনিধি ও পরিচালক মালামা মেলেইসিয়া, প্রধানমন্ত্রীর দপ্তরের এক্সেস টু ইনফরমেশন প্রোগ্রামের পলিসি অ্যাডভাইজার অনির চৌধুরী, ইউনেস্কো ব্যাংককের কর্মসূচি বিশেষজ্ঞ মিয়াও ফেং-চুন, ব্যানবেইসের পরিচালক আহসান আব্দুল্লাহ প্রমুখ বক্তৃতা করেন।